আপাদমস্তক—from head to foot.

আসন্ন বিপদ—imminent danger.

উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে—one doth the scathe and hath the scorn.

একাই একশ—a host in oneself.

এলোমেলো—at sixes and sevens.

কারও সর্বনাশ কারও পৌষ মাস—some have hap, some stick in the gap.

কাষ্ঠহাসি—icy smile.

কিল খাইয়া কিল চুরি—to pocket an insult.

কুসুমাস্তীর্ণ শয্যা—bed of roses.

কণ্টকময় শয্যা—bed of thorns.

ক্রমে ক্রমে—by and by.

খিচুড়ি পাকান—to make a mess of everything.

গতস্য শোচনা নাস্তি—let bygones be bygones.

চাচা আপন বাঁচা—self preservation is the law of nature.

চুনোপুটি—small fry.

ছাই ফেলতে ভাঙ্গা কুলো—a scapegoat of the family.

ঘোড়ার ডিম—a mare's nest.

জরুরী সমস্যা—burning question.

জলে কুমীর ডাঙায় বাঘ—between the devil and the deep sea.

তুলনাযোগ্য হওয়া—to hold candle.

দোষ ছাড়া লোক নাই—no rose without thorn.

নাকে দড়ি দিয়া চালান—to lead by the nose.
নাড়ী নক্ষত্র—ins and outs.
পরম ভণ্ড—a wolf in a sheep's skin.
পুরাদমে—in full swing.
প্রভূত সম্পদ—immense wealth.
বাঁধাধরা—hard and fast.
বাগে পাওয়া—to catch on the hip.
বিনা মেঘে বজ্রাঘাত—a bolt from the blue.
বিপদে পড়া—to burn one's finger.
ব্যর্থ প্রয়াস—wild goose chase.
মায়াকান্না—crocodile tears.
যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ—While there is life, there is hope.
যাযাবর জীবন - nomadic life.
লোমহর্ষক বাগ্মিতা—thrilling eloquence.
সবুরে মেওয়া ফলে—patience is bitter, but its fruits are sweet.
সর্বেসর্বা—all in all.
সস্তার তিন অবস্থা cheap goods are dear in the long run.
সাক্ষী গোপাল—a mere puppet.
সাপে নেউলে—at daggers drawn.
সুনজরে— in the good book of.

Proverbs

অতি চালাকের গলায় দড়ি—Too much cunning over-reaches itself.

অতি দর্পে হতা লঙ্কা—Pride goeth before fall.

অতি ভক্তি চোরের লক্ষণ—Too much courtesy, too much craft.

অতি লোভে তাঁতি নষ্ট—Grasp all lose all.

অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট—Too many crooks spoil the broth.

অর্থই অনর্থের মূল—Money is the root of all evils.

অল্প বিদ্যা ভয়ঙ্করী Little learning is a dangerous thing.

অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু—A friend in need is a friend indeed.

অসায়ের তর্জন গর্জন সার (গণ্ডুষ জলমাত্রেণ সফরী ফরফরায়তে) —Empty vessels sound much.

আতুরে নিয়মো নাস্তি—Necessity knows no law.

আপনি বাঁচলে বাপের নাম - Self-preservation is the first law of nature.

নিজের চরকায় তেল দাও—Oil your own machine.

নিজে ভাল তো জগৎ ভাল—To the pure all things are pure.

আয় বুঝিয়া ব্যয় কর—Cut your coat according to your cloth.

ইচ্ছা থাকিলেই উপায় হয়—Where there is a will there is a way.

উঠন্ত মূলো পত্তনেই চেনা যায়—Morning shows the day.

উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ—Fortune favours the brave.

উলুবনে মুক্তা ছড়ানো—To caste pearls before the swine.

এক মাঘে শীত যায় না—One swallow does not make a summer.

এক ঢিলে দুই পাখী মারা (রথ দেখা কলা বেচা)—To kill two birds with one stone.

এক মুখে দুই কথা—To blow hot and cold in the same breath.

এক হাতে তালি বাজে না—It takes two to make a quarrel.

কষ্ট না করলে কেষ্ট পায় না—No pains, no gains.

গাছে কাঁঠাল গোঁফে তেল—To count one's chickens before they are hatched.

গেঁও যোগী ভীখ্ পায় না—A prophet is not honoured in his own country.

ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ভয় পায়—A burnt child dreads the fire.

চোর পালালে বুদ্ধি বাড়ে—After death comes the doctor.

চোরা না শুনে ধর্মের কাহিনী—The devil will not listen to the scripture.

চোরে চোরে মাসতুত ভাই—Birds of the same feather flock together.

জোর যার মুলুক তার—Might is right.

ঝোপ বুঝে কোপ মার—Strike the iron while it is red.

টাকায় টাকা আনে—Money begets money.

ঢিলটি মারলে পাটকেলটি খেতে হয়—Tit for tat.

তিলকে তাল করা—To make mountains out of molehills.

তেলা মাথায় তেল ঢালা—To carry coal to Newcastle.

দশের লাঠি একের বোঝা—Many a little makes a mickle.

দুধ দিয়ে কাল সাপ পোষা—To nourish a viper in one's bosom.

দুষ্ট গরু অপেক্ষা শূন্য গোঁয়াল ভাল—Better an empty house than a bad tenant.

নাই মামার চেয়ে কানা মামা ভাল—Half a loaf is better than no bread (Something is better than nothing).

না আঁচালে বিশ্বাস নেই (শ্রেয়াংসি বহু বিঘ্নানি)—There's many a slip between the cup and the lip.

নাচতে না জানলে উঠান বাঁকা—An ill workman quarrels with his tools.

নানা মুনির নানা মত=Many men many minds.

পাপের ধন প্রায়শ্চিত্তে যায়=Ill got, ill spent.

ফলেন পরিচীয়তে=A tree is known by its fruits.

বজ্র আঁটুনি ফস্কা গেরো=Penny wise, pound foolish.

বলা সহজ করা কঠিন=Easier said than done.

বহ্বারম্ভে লঘুক্রিয়া (যত গজে তত বর্ষে না)=Much cry, little wool.

বাপ্‌কা বেটা=Like father like son.

বিষকুম্ভং পয়োমুখম্=A honeyed tongue, a heart of gall.

ভাই ভাই ঠাঁই ঠাঁই=Brothers will part.

ভাগের মা গঙ্গা পায় না=Everybody's business is nobody's business.

মশা মারতে কামান দাগা=To break a butterfly upon a wheel.

মরার উপর খাড়ার ঘা=To add insult to injury.

মধুরেণ সমাপয়েৎ (শেষ বেশ)=All's well that ends well.

মুনীনাঞ্চ মতিভ্রমঃ=To err is human.

মেও ধরে কে=Who is to bell the cat ?

মোগল পাঠান হদ্দ হলো ফারসী পড়ে তাঁতী=Fools rush in where angels fear to tread.

মৌনং সম্মতি লক্ষণম্=Silence gives consent.

যস্মিন্ দেশে যদাচারঃ=While at Rome do as the Romans.

যার জ্বালা সেই জানে=The wearer knows best where the shoe pinches.

যারে দেখতে নারি তার চলন বাঁকা=Faults are thick where love is thin.

যেমন কর্ম তেমন ফল=As you sow, so you reap.

শঠে শাঠ্যং সমাচরেৎ=With foxes you must play the fox.

সবুরে মেওয়া ফলে=Patience is bitter but its fruit is sweet.

সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়=A stich in time saves nine.

সে রামও নাই, সে অযোধ্যাও নাই=Woe the times ! Woe the manners.

সেয়ানে সেয়ানে=Diamond cuts diamond.

LESSON 21

Some Specimens of Translation

(1)

ভারত আমাদের মাতৃভূমি। আমরা ভারতে বাস করি ; তাই অন্য জাতিগণ আমাদিগকে ভারতবাসী বলে। আজ ভারত স্বাধীন। দেশের স্বাধীনতার জন্য আমরা দীর্ঘকাল বৃটিশ শক্তির সহিত যুদ্ধ করিয়াছি। এই যুদ্ধে বহু রক্তপাত হইয়াছে এবং বহু জীবন উৎসর্গীকৃত হইয়াছে। মহাত্মাজীর কথা কি আমরা কখনও ভুলিতে পারি ? চিত্তরঞ্জনকে আমরা সতত স্মরণ করি। সুভাষচন্দ্র আজ কোথায় ? আমরা জানি না। কিন্তু আমাদের স্মৃতিতে চিরদিন জীবিত থাকিবেন।

India is our motherland. We live in India ; so other nations call us Indians. To-day India is free. We have fought long with the British power for the freedom of our country. In this fight much blood has been shed and many lives have been sacrificed. Can we ever forget Mahatmaji ? We always remember Chittaranjan. Where is Subhash Chandra to-day ? We don't know. But he will live in our memory for ever.

(2)

সম্রাট কুটিরের দ্বারে আঘাত করিলেন। একজন কৃষক দ্বার খুলিয়া তাঁহাকে জিজ্ঞাসা করিল, "আপনি কি চান?" সম্রাট বলিলেন, "আমি ক্লান্তি এবং ক্ষুধায় মৃতপ্রায়। তুমি কি আমাকে কিছু আহার্য দিতে পার?"

কৃষক —"আহা! আপনি বড় অসময়ে আসিয়াছেন। আমার স্ত্রী খুব অসুস্থ। মাহা হউক, আপনি দয়া করিয়া ভিতরে আসুন। আজ বড় ঠাণ্ডা। আসুন, আমরা আপনাকে কিছু রুটি এবং একটি সিদ্ধ ডিম দিতে পারি।"

The Emperor knocked at the door of the cottage. A peasant opened the door and asked him, "What do you want?" The Emperor said, "I am dying of fatigue and hunger. Can you give me some food?

The peasant—"Alas! You have come at a very unlucky time. My wife is very ill. But please come in. It is very cold to-day. Come in, we shall be able to give you some bread and a boiled egg."

(3)

সেই দেশে এক ভয়ঙ্কর সিংহ ছিল। লোকে উহাকে বড় ভয় করিত। হারকিউলিস্ সেখানে গেলে সকলে তাহাকে সিংহটি মারিতে অনুরোধ করিল। হারকিউলিস্ একটি গদা, একটি ধনুক এবং কয়েকটি তীর লইয়া পশুটির অনুসন্ধানে বাহির হইলেন। হঠাৎ

তিনি পশ্চাতে সিংহের গর্জন শুনিতে পাইলেন। একটি বড় সিংহ তাঁহার উপর লাফাইয়া পড়িতে উদ্যত হইল। তিনি তৎক্ষণাৎ গদা দিয়া পশুটিকে আক্রমণ করিলেন। দশ মিনিট যুদ্ধের পর সিংহ ছুটিয়া পলাইল। জন্তুটি পলায়ন করিবার পর হারকিউলিস্ কিছুকাল সেখানে অপেক্ষা করিলেন। তারপর তিনি একখানা তলোয়ার লইয়া সিংহর বিবরে প্রবেশ করিলেন।

There was a terrible lion in that country. The people were very afraid of it. When Hercules went there, all prayed to him to kill the lion. Taking a club, a bow and a few arrows, Hercules went out in search of the beast. Suddenly he heard the roar of a lion behind him. A big lion was about to jump upon him. At once he attacked the beast with his club. After ten minutes' fight the lion ran away. After the animal had fled, Hercules waited there for some time. Then he took a sword and entered the lion's den.

(4)

"বাবু, তোমার যেমন একটি লড়্কি আছে, তেমনি দেশে আমারও একটি লড়্কি আছে। আমি তাহারই মুখখানি স্মরণ করিয়া তোমার খোঁখীর জন্য কিছু কিছু মেওয়া হাতে লইয়া আসি, আমি তো সওদা করিতে আসি না।"

এই বলিয়া সে আপনার মস্ত চিলা জামাটার ভিতর হাত চালাইয়া দিয়া বুকের কাছে কোথা হইতে এক টুকরা ময়লা কাগজ বাহির করিল। বহু যত্ন ভাঁজ খুলিয়া দুই হস্তে আমার টেবিলের উপর মেলিয়া ধরিল।

দেখিলাম, কাগজের উপর এফটি ছোট হাতের ছাপ। ফটোগ্রোফ নহে, তেলের ছবি নহে, হাতে খানিকটা ভূষা মাখাইয়া কাগজের উপর তাহারই চিহ্ন ধরিয়া লইয়াছে। মেয়ের এই স্মরণ চিহ্নটুকু বুকের কাছে লইয়া রহমৎ প্রতি বৎসর কলিকাতার রাস্তায় মেওয়া বেচিতে আসে।

—কাবুলিওয়ালা (রবীন্দ্রনাথ)

"Babu, you have a little girl; I too have one like her in my home. I think of her, and bring some fruits for your child—they are not for sale."

Saying this, he put his hand inside his big loose robe and brought out a small and dirty piece of paper from near his breast. Unfolding it with great care, he placed it with both hands on my table.

It bore the impression of a little hand. Not a photograph, not a drawing, merely the impression of an ink-besmeared hand laid flat on the paper. Keeping this memento of its own little daughter next to his heart, Rahamat had come year after year to Calcutta to sell his fruits in the streets.

—Kabuliwala (Rabindranath)

(5)

আমাদের পোষ্টমাষ্টার কলিকাতার ছেলে। জলের মাছকে ডাঙ্গায় তুলিলে যেরকম অবস্থা হয় এই গণ্ড গ্রামেয় মধ্যে আসিয়া পোষ্ট-মাষ্টারেরও সেই দশা উপস্থিত হইয়াছে। একখানি অন্ধকার আট-চালার মধ্যে তাঁহার অফিস। অদূরে একটি পানাপুকুর এবং তাহার

চার পাড়ে জঙ্গল। কুঠির গোমস্তা প্রভৃতি যে সকল কর্মচারী আছে তাহাদের ফুরসত প্রায় নাই এবং তাহারা ভদ্রলোকের সহিত মিশিবার উপযুক্ত নহে। বিশেষতঃ কলিকাতার ছেলে বিশেষ করিয়া মিলিতে জানে না। অপরিচিত স্থানে গেলে হয়তো উদ্ধত নয় অপ্রতিভ হইয়া থাকে। এই কারণে স্থানীয় লোকের সহিত তাহার মেলামেশা হইয়া উঠে না। অথচ হাতে কাজ অধিক নাই।

—গল্পগুচ্ছ (রবীন্দ্রনাথ)

Our Postmaster was a Calcutta man. He felt like a fish out of water in his remote village. His office was in a dark thatched shed, not far from a green slimy pond, surrounded on all sides by a dense growth. The man employed in the indigo factory had hardly any leisure ; moreover they were not fit companions for decent folk. Particularly a Calcutta boy is not an adept in the art of associating with others. Among strangers he appears either proud or ill at ease. So the Postmaster had but little company nor had he much work to do.

—Translated by : C.F. Andrews (Stories from Tagore)

(6)

এই দীঘিতে লোকে একা আসিতে ভয় করিত। দস্যুতার ভয়ে এখানে দলবদ্ধ না হইয়া লোকে একা আসিত না। সেইজন্য লোকে 'ডাকাতে কালদীঘি' বলিত। দোকানদারকে লোকে দস্যুদিগের সহায় বলিত। আমার সে সকল ভয় ছিল না। আমার সঙ্গে অনেক লোক—ষোলজন বাহক, চারিজন দ্বারবান এবং অন্যান্য

লোক ছিল। যখন আমরা এইখানে পৌঁছিলাম তখন বেলা আড়াই প্রহর। বাহকেরা বলিল, আমরা কিছু জলটল না খাইলে আর যাইতে পারি না। দ্বারবানেরা বারণ করিল—বলিল, 'এস্থান ভাল নয়।' বাহকেরা উত্তর করিল, 'আমরা এত লোক আছি, আমাদের ভয় কি? আমাদের সঙ্গের লোকজন কিছুই খায় নাই।' শেষে সকলই বাহকদিগের মতে মত দিল।

—ইন্দিরা (বঙ্কিমচন্দ্র)

People feared to pass by the lake alone. For fear of robbers travellers made up strong parties if they had to go this way. In fact, the lake was known as 'Dakate Kalo Dighi' or 'the Black Lake of Dacoits.' The solitary shopkeeper was suspected of being in league with robbers. As for me, I entertained no such fear. There were many attendants with me—sixteen bearers, four armed retainers and others as well. When we reached the place, it was past mid-day. The bearers declared that they could not proceed further without stopping to eat and drink. My armed guards objected that the place had a bad name but the bearer argued that with so numerous a party, there was no fcar. All were fasting and weary, and finally a halt was resolved upon.

—Translated by J.D. Anderson

(7)

সরল জীবনযাত্রা এবং মহৎ চিন্তা ছিল আচার্য প্রফুল্লচন্দ্রের জীবনের মূল মন্ত্র। বিলাসিতাকে তিনি মহাপাপ বলিয়া মনে করিতেন। তাঁহার স্বদেশ সেবা, বক্তৃতা অথবা রাজনৈতিক আন্দোলনের মধ্যে

সীমাবদ্ধ ছিল না। তিনি আন্তরিক শ্রদ্ধার সহিত স্বদেশ ও স্বদেশী দ্রব্য গ্রহণ করিয়া সকলের মনে স্বদেশানুরাগ সঞ্চার করিতেন। দেশের প্রতিটি সৎকার্যের সহিত আচার্যদেব নিজেকে সংযুক্ত করিয়াছিলেন। অথচ এই বিরাট মহাপুরুষটির মনটি ছিল শিশুর মত সরল, ব্যবহারটি ছিল অত্যন্ত সাদাসিধা। কত দরিদ্রকে তিনি গোপনে দান করিতেন তাহার ইয়ত্তা নাই। বস্তুতঃ জ্ঞানে, কর্মে, চরিত্রে এবং মানুষ্যত্বে এমন সম্পূর্ণ আদর্শ মানুষ এ দেশে কেন, সব দেশেই দুর্লভ।

Plain living and high thinking was the guiding principle of Acharya Prafullachandra's life. He considered luxury a great sin. His service to his country was not limited to his lectures or political movements. He adored with hearty reverence his country and his country goods, and inspired everyone's heart with a feeling of patriotism. Acharyadev took part in every noble enterprise of his country, yet the heart of this highly great man was as simple as that of a child and his manners very simple. There was no limit to the number of many poor men he helped in secret. In fact, such an ideal person in wisdom, deed, character and manliness is rare not only in this country but also in other countries.

(৪)

ভবানীঠাকুর 'হো হো' করিয়া হাসিয়া উঠিল। প্রফুল্ল অপ্রতিভ হইল দেখিয়া বলিল, "মা, বোকা মেয়ের মত কথাটা বলিলে, তাই হাসিলাম। তোমার তো কেহ নাই বলিয়াছ, তুমি কাকে নিয়া এই ঐশ্বর্য ভোগ করিবে? একা কি ঐশ্বর্য ভোগ হয়?" প্রফুল্ল অধোবদন

হইল। ভবানী বলিতে লাগিল,—"শোন, লোকে ঐশ্বর্য লইয়া কেহ ভোগ করে, কেহ পুণ্য সঞ্চয় করে, কেহ নরকের পথ সাফ করে। তোমার ভোগ করিবার যো নাই, কেননা তোমার কেহ নাই। তুমি পুণ্য সঞ্চয় করিতে পার, না হয় নরকের পথ সাফ করিতে পার। কোনটা করিবে ?"

—দেবী চৌধুরাণী (বঙ্কিমচন্দ্র)

Bhabani Thakur burst out laughing. Then finding Prafulla ashamed, he said, 'My daughter, your talk is like that of a silly girl. It made me laugh. You have already said that you have none in this wide world. With whom will you then share this wealth ? Can any one enjoy wealth all by oneself ? Prafulla hung down her head. Bhabani continued, "Listen to me, Some men enjoy wealth ; some earn virtue by means of wealth ; while others have the way to hell with it. To your own you have none on earth. So you cannot really enjoy wealth. With it you may either cultivate piety or go down the way to hell. Which do you prefer ?"

—Devi Chaudhurani (Bankim Chandra)

(9)

ভারতে যাঁহারা রাজ্যগঠন করিয়াছিলেন—সেই আকবর, শিবাজী, হায়দর আলি, রণজিৎ সিং কেহই পুঁথিগত বিদ্যার ধার ধারিতেন না। প্রায় সকলেই নিরক্ষর ছিলেন। কিন্তু তাঁহাদের কীর্তিকথা ইতিহাসের পৃষ্ঠায় সুবর্ণ অক্ষরে লিখিত আছে। আমাদের দেশের অনেক মহিলার কথা বিশ্ববিশ্রুত। কিন্তু তাঁহারা পুঁথিগত বিদ্যায় বিদুষী

ছিলেম না। বই না পড়িয়াও যে আত্মোন্নতি সম্ভব—তাহা অহল্যাবাঈ রাণী ভবানী, ভূপালের বেগম প্রভৃতির জীবন-কথা হইতে জানা যায়।

—আচার্য প্রফুল্লচন্দ্র রায়

Akbar, Shivaji, Hyder Ali and Ranjit Singh each of whom had build up an empire in India had no pretension whatsoever to book-knowledge. Almost all of them were illiterate. But their achievements have been recorded in the pages of history in letters of gold. Many ladies in our country have become famous all over the world for their talents. But they have no book-learning. From the lives of Ahalya Bai, Rani Bhawani, the Begum of Bhopal and other gifted ladies we can know that we too can lift ourselves up even though we may not know how to read.

—Acharya Prafulla Chandra Roy

(10)

জগতের ইতিহসে স্মরণীয় হইয়া থাকিবে ১৫ই আগষ্ট। অধীনতার লৌহ নিগড় ছিন্ন করিয়া আজ মুক্তির নিঃশ্বাস ফেলিতেছে বিভিন্ন সভ্যতার লীলাভূমি ভারত মহাদেশের ৪০ কোটি নরনারী। পলাশীর আম্রকাননে ১৭৫৭ মনে স্বাধীনতার যে সূর্য অস্তমিত হইয়াছিল, ১৯৪৭ মনে লক্ষ বীর শহীদগণের রক্তে রঞ্জিত হইয়া আবার তা দেখা দিয়াছে পূর্বাচলে।

The 15th of August will ever be remembered in the hlstory of the world. The forty crores of people of the great

country of India, the seat (or, playground) of different civilisations, are breathing the air of freedom, having broken the iron chains of bondage. The sun of freedom that went down in the mango grove of *Plassey* in 1757, is now up again in the eastern sky, in 1947, dyed red with the blood of millions of martyrs.

(11)

গান্ধীজী বলেছেন—আমার জীবনই আমার বাণী। সত্যই তিনি যা বলেছেন জীবনের প্রতিক্ষেত্রে কাজে তাই করেছেন। সত্য দ্বারা মিথ্যাকে জয়, ভালবাসা দ্বারা ঘৃণাকে জয়, অহিংসা দ্বারা হিংসাকে জয় করাই ছিল তাঁর জীবনের সাধনা এবং এই ছিল তাঁর বাণী।

তিনি চেয়েছিলেন, ভারতে ধর্মরাজ্য প্রতিষ্ঠা করতে। তিনি বলেছিলেন ভারতকে এমনভাবে গড়ে তুলতে হবে যেখানে দরিদ্রতম প্রজাও মনে করবে ভারত তার স্বদেশ। ভারতে থাকবে না উঁচু-নীচু ভেদ, অস্পৃশ্যতার ও মাদকতার বিষ, নারী ও পুরুষের থাকবে সমান অধিকার, ভূমি ও রাষ্ট্র হবে জনসাধারণ সম্পত্তি, এবং সর্বত্র হবে ন্যায়ের প্রতিষ্ঠা।

Gandhi said, "My life is my message". In fact he lived exactly as he said in every sphere of life. To conquer untruth with truth, hatered with love, violence with non-violence—this was his mission of life, this was his message.

He wanted to establish in India a kingdom of righteousness. He said that India should be so built up that even the poorest subject here might feel her to be his own country,

that there should be no distinction between the high and the low, the country should be free from the poison of untouchability and drunkenness, man and woman should have equal rights, land and state should be public properties, and justice should be established everywhere.

(12)

হেথা যে গান গাইতে আসা আমার
হয় নি সে গান গাওয়া —
আজও কেবলি সুর সাধা, আমার
কেবল গাইতে চাওয়া।।
আমার লাগে নাই সে সুর, আমার
বাঁধে নাই সে কথা,
শুধু প্রাণেরই মাঝখানে আছে
গানের ব্যাকুলতা।
আজও ফোটে নাই সে ফুল, শুধু
বহেছে এক হাওয়া।
আমি দেখি নাই তার মুখ, আমি
শুনি নাই তার বাণী,
কেবল শুনি ক্ষণে ক্ষণে তাহার
পায়ের ধ্বনিখানি।
আমার দ্বারের সমুখ দিয়ে সে জন
করে আসা-যাওয়া।

শুধু আসন পাতা হল আমার
সারাটি দিন ধরে—
ঘরে হয় নি প্রদীপ জ্বালা, তারে
ডাকব কেমন ক'রে।
আছি পাবার আশা নিয়ে, তারে
হয় নি আমার পাওয়া।

—গীতাঞ্জলি (রবীন্দ্রনাথ ঠাকুর)

The song that I came to sing remains
unsung to this day.

I have spent my days in stringing
and in unstringing my instrument.

The time has not come true, the
words have not been rightly set ; only
there is the agony of wishing in my heart.

The bloosom has not opened ; only
the wind is sighing by.

I have not seen his face, nor have I
listened to his voice ; only I have heard
his gentle footsteps from the road before
my house.

The livelong day has passed in spreading
his seat on the floor ; but the lamp
has not been lit and I cannot ask him
into my house.

I live in the hope of meeting with
him ; but this meeting is not yet.

—Gitanjali (Rabindranath Tagore)
Translated by the Poet himself

আর আমায় আমি নিজের শিরে
বইব না।
আর নিজের দ্বারে কাঙাল হয়ে
রইব না।
এই বোঝা তোমার পায়ে ফেলে
বেরিয়ে পড়ব অবহেলে—
কোন খবর রাখব না ওর,
কোনো কথাই কইব না।
আমায় আমি নিজের শিরে
বইব না।

বাসনা মোর যারেই পরশ
করে সে
আলোটি তার নিবিয়ে ফেলে
নিমেষে।
ওরে সেই অশুচি দুই হাতে তার
যা এনেছে চাই নে সে আর,
তোমার প্রেমে বাজবে না যা
সে আর আমি সইব না।
আমায় আমি নিজের শিরে
বইব না।

—গীতাঞ্জলি (রবীন্দ্রনাথ ঠাকুর

O Fool, to try to carry thyself upon
thy own shoulders ! O beggar, to come
to beg at thy own door !

Leave all thy burdens on his hands
who can bear all, and never look behind
in regret.

Thy desire at once puts out the light
from the lamp it touches with its breath.
It is unholy—take not thy gifts through
its unclean hands. Accept only what
is offered by sacred love.

—*Gitanjali (Rabindranath Tagore)*
Translated by the poet himself.

LESSON 22

Passages for Translation

Translate into English :—

(1)

বহুকাল পূর্বে (long ago) অযোধ্যায় এক রাজা ছিলেন। তাঁহার নাম দশরথ। দশরথের চারিটি পুত্র ছিল। তাঁহাদের মধ্যে রাম ছিলেন সকলের জ্যেষ্ঠ (the eldest)। রাম সীতাকে বিবাহ করিয়াছিলেন। লঙ্কায় রাবণ নামে এক রাজা ছিল। রাবণ পঞ্চবটী বন হইতে সীতাকে চুরি করিয়াছিল। সেখানে তিনি রাবণের সহিত যুদ্ধ করিয়া তাহাকে বধ করেন। তারপর তিনি সীতাকে লইয়া অযোধ্যায় ফিরিয়া আসিলেন। অযোধ্যার লোকেরা রাম সীতাকে দেখিয়া খুব খুশী হইল।

(2)

একটি কুকুর, একখণ্ড মাংস মুখে লইয়া নদী পার হইতেছিল। নদীর জলে তাহার যে ছায়া (shadow) পড়িয়াছিল সেই ছায়াকে সে অন্য একটি কুকুর মনে করিল। ঐ কুকুরের মুখেও সে একখণ্ড মাংস (a piece of meat) দেখিতে পাইল। ইহাতে তাহার মনে

লোভ হইল। ঐ মাংসখণ্ডের লোভে সে উহাকে ধরিবার জন্য লাফ দিয়া নদীতে পড়িল (jumped into the river)। সঙ্গে সঙ্গে তাহার নিজের মুখের মাংসখণ্ডও জলের মধ্যে পড়িয়া ভাসিয়া গেল। জলে পড়িয়া কুকুরটি আর কোন কুকুর দেখিতে পাইল না।

(3)

স্বাস্থ্য (health) মানুষের শ্রেষ্ঠ সম্পদ (wealth)। স্বাস্থ্য ব্যতীত কোনই সুখ সম্ভব নয়। তুমি প্রচুর অর্থ উপার্জন (earn) করিতে পার, কিন্তু স্বাস্থ্য না থাকিলে তাহা ভোগ (enjoy) করিতে পারিবে না। যাহার স্বাস্থ্য নাই, সংসারে কোন বস্তুই (nothing in the wo:ld) তাহাকে আনন্দ দান করিতে পারে না। বারো মাস (throughout the year) কোন না কোন একটা রোগ (some disease or other) তাহার লাগিয়াই থাকে। সে যেমন নিজে অসুখী, তেমনি তাহার জন্য তাহার পরিবারের অন্য সকলেও অশান্তি ভোগ করে। সুতরাং বাল্যকাল হইতে তোমরা স্বাস্থ্যরক্ষায় বিশেষ যত্নবান হইবে। স্বাস্থ্যরক্ষা (preservation of health) সম্বন্ধে যে কয়টি সাধারণ নিয়ম আছে তোমরা অবশ্যই তাহা পালন (observe) করিয়া চলিবে। নিয়মগুলি তোমরা জান, তবুও সেগুলি সম্বন্ধে আমি তোমাদিগকে কিছু উপদেশ দিব।

(4)

জল আমাদের প্রধান পানীয় (p:incipal drink)। আমরা জল ব্যতীত (without) বাঁচিতে পারি না। জল ছাড়া গাছপালা

(trees and plants) জন্মিতে পারে না। আমরা জল দিয়া খাদ্যদ্রব্য রন্ধন করি। কাপড়চোপড় (clothes) ধুইতে জল ব্যবহার করিয়া থাকি। জলের সাহায্যে আমরা আমাদের বাসনপত্র (utensils) পরিষ্কার করিয়া থাকি। আগুন নিবাইতে জলের আবশ্যক (necessary) হয়। পুকুর, নদী, হ্রদ ও সমুদ্রে জল পাওয়া যায়। এই জল কোথা হইতে আসে?

(5)

সুভাষচন্দ্র আমাদের দেশের একজন বড় নেতা ছিলেন। তিনি কম (little) কথা বলিতেন। কিন্তু কাজ করিতেন প্রচুর (a lot)। সকলে তাঁহাকে খুব ভালবাসিত এবং শ্রদ্ধা করিত। ইংরেজরা তাঁহাকে ভয় করিত। তিনি দুইবার কংগ্রেসের সভাপতি হইয়াছিলেন। ইংরেজগণ তাঁহাকে বহু বার জেলে (to jail) পাঠাইয়াছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় (during the World War II) উহারা সুভাষচন্দ্রকে তাঁহার নিজ (own) বাড়ীতে বন্দী করিয়া (intern) রাখিয়াছিল। একদিন রাত্রে সুভাষচন্দ্র বাড়ী হইতে পলাইয়া গেলেন। তিনি প্রথমে (first) আফগানিস্থানে গেলেন, তারপর জার্মানিতে পৌছিলেন।

Translate into Bengali :—

(1)

India is the land of our birth (আমাদের জন্মভূমি). So it is very dear to us all. It is a large country. There are many

villages in it. There are also many cities and towns. But there are more villages than cities and towns. And we mostly live in the villages. So our villages are not less important (প্রায়োজনীয়) than our cities and towns.

(2)

Long, long ago (অনেক অনেক দিন পূর্বে) there lived in Greece a great musician (গায়ক) named Orpheus. He could sing beautiful songs and make sweet music with his harp. He sang so sweetly that man and animals flocked together (একত্রিত হইত) to listen to him.

(3)

Men and beasts have limbs. A man has two arms and two hands, two legs and two feet. A lamb has four legs. A dog has four paws. The horse has cloven hoofs. Birds have no teeth. Men and beasts have teeth. That old man had five sons. I have three brothers and two sisters.

(4)

When Akbar ascended (আরোহণ করিল) the throne, he was only 13 years old. At this young age he had to face many difficulties. On all sides he was surrounded by enemies. But he defeated them one after the other. Delhi and Agra fell into his hands. He was not, however, satisfied with this. He made friends with several Rajput chiefs and with their help drove the Afgans out of India. Thus in a very short time he established (প্রতিষ্ঠা করিলেন) a strong empire.

Almost all creatures can swim. Elephants, horses, cows, buffaloes, dogs and other animals have not to be taught to swim. But a man cannot swim without being taught to do so. Everybody should learn to swim. Swiming is a very good exercise. It yields us much pleasure. It is very pleasant to swim in cold water in summer.

LESSON 23

Specimens of Bengali Prose & Poetry

Prose

প্রভাত

জাগো জাগো, রাত্রি প্রভাত হইল।

আলোক আসিয়া সকল ভুবন ব্যাপ্ত করিয়াছে। এতক্ষণ পৃথিবী ছিল অন্ধকারে ঢাকা, নিদ্রিত, নীরব। বনভূমি আর পল্লীভবন কিছুই যেন চেনা যাইতেছিল না; কোথাও কোন প্রাণীর সাড়া-শব্দ ছিল না। কেবল দূর আকাশে সহস্র তারকা মিটি মিটি জ্বলিয়া পৃথিবীর দিকে চলিয়াছিল।

সহসা অন্ধকার কাটিয়া পূর্বদিকে অরুণ উদিত হইল। পর্বতের শিখরে, বৃক্ষের অগ্রভাগে, মন্দির ও মসজিদের চুড়ায় ক্রমে ক্রমে সবুজ ঘাসের মাথায় সোনার কিরণ জ্বলিয়া উঠিল। দেখিতে দেখিতে ঝলমল করিয়া আকাশে সূর্য শোভা পাইতে লাগিল। কি উজ্জ্বল তাহার দীপ্তি!

কাননে কাননে কুসুম-কলি দল খুলিয়া ফুটিতে লাগিল। সরোবরে পদ্মগুলি বাতাস-ভরে দুলিতে লাগিল। গুন গুন গুঞ্জন করিয়া

ভ্রমরেরা পুষ্প হইতে পুষ্পান্তরে মধু লুটিতে লাগিল। ফুলগন্ধ অঙ্গে মাখিয়া স্নিগ্ধ বাতাস মন্দ মন্দ বহিতে লাগিল। কোকিল, বুলবুল আনন্দে কলরব করিয়া উঠিল, তারপর নীড় ছাড়িয়া নীলাকাশে ভাসিয়া চলিল। পাখী গান গায়, আকাশে বেড়ায়. আর আহারের সন্ধান করে।

মানুষ কি এই সময়ে নিদ্রিত থাকিতে পারে? গত দিবসের শ্রম-ক্লান্তি ঘুচিয়া গিয়াছে, নবীন প্রভাতে সে নূতন মূর্তি লইয়া জাগিয়া উঠিয়াছে। তাহার কণ্ঠে বন্দনা উঠিয়াছে—

'জয় জগদীশ! জয় জগদীশ!"

তারপর মানুষ কর্মক্ষেত্রে অগ্রসর হইতেছে ঐ রাখালের দল ধেনুপাল লইয়া মাঠে চলিল। শিশুরা পুঁথি বগলে পাঠশালায় ছুটিল। নারী গৃহকার্যে রত হইল। পুরুষ আপন আপন কার্যে ঝাঁপাইয়া পড়িল - গ্রামের বাহিরে কৃষক লাঙ্গল দ্বারা জমি চষিতে লাগিয়া গেল, কামার-বাড়ী হইতে লোহা পিটানর শব্দ উঠিল টন্ টন্ টন্, কুমার বাড়ীর চাক ঘুরিতে লাগিল ভোঁ ভোঁ ভোঁ, তাঁতীর তাঁত চলিতে লাগিল ঠকাঠক্ ঠকাঠক্, কাঠুরিয়া কাঠ কাটিতে লাগিল ঠক্-ঠক্-ঠক্-ঠক্, পণ্ডিত অধ্যয়ন আরম্ভ করিলেন, চিকিৎসক রোগীর সেবায় বাহির হইয়া গেলেন।

জগতের দিকে দিকে কর্ম আরম্ভ হইয়া গেল।

এই তো প্রভাত! একবার চক্ষু মেলিয়া চাও। একবার প্রভাত সূর্যের উদয় দেখ। যিনি সৃষ্টিকর্তা, তোমাকে আমাকে ঐ সূর্যকে

এবং এই বিশ্বজগৎকে সৃষ্টি করিয়াছেন, যিনি জন্মিবার পূর্বে মাতার বক্ষে ক্ষীর সুধা সঞ্চিত করিয়া রাখিয়াছেন, তাঁহার মহিমা বুঝিতে পারিবে। তিনি অন্ধকারের আলোক, ক্ষুধার অন্ন ও তৃষ্ণার সৃষ্টি করিয়াছেন। তিনি নানা শোভার সামগ্রী দিয়া জগৎ সাজাইয়াছেন। তিনি মানুষের অন্তরে স্নেহ, প্রেম, দয়া ও ভক্তি দিয়াছেন। অনন্ত তাঁহার প্রেম, অসীম তাঁহার করুণা! প্রার্থনা কর, এই প্রভাতের ফুলটির মত তোমারও যেন ঈশ্বরের চরণে পরিপূর্ণ হইয়া বিকশিত হইতে পার।

সবারে বাসরে ভাল

সবারে বাসরে ভাল ;
নইলে মনের কালো ঘুচবে না রে !
আছে তোর যাহা ভাল
ফুলের মত দে সবারে।

করি তুই আপন-আপন,
হারালি যা ছিল আপন ;
এবার তোর ভরা আপণ
বিলিয়ে দে তুই যারে তারে।

যারে তুই ভাবিস্ ফণী
তারো মাথায় আছে মণি
বাজা তোর প্রেমের বাঁশী,
ভবের বনে ভয় বা কারে !

সবাই যে তোর মায়ের ছেলে
রাখ্‌বি কারে কারে ফেলে !
একই নায়ে সকল ভায়ে
যেতে হবে রে ওপারে।

— অতুলপ্রসাদ সেন

প্রার্থনা

বিপদে মোরে রক্ষা করো
এ নহে মোর প্রার্থনা,
বিপদে আমি না যেন করি ভয়।

দুঃখতাপে ব্যথিত চিতে
নাই বা দিলে সান্ত্বনা,
দুঃখে যেন করিতে পারি জয়।

সহায় মোর না যদি জুটে,
নিজের বল না যদি টুটে,
সংসারেতে ঘটিলে ক্ষতি
লভিলে শুধু বঞ্চনা
নিজের মনে না যেন মানি ক্ষয়।

আমারে তুমি করিবে ত্রাণ
এ নহে মোর প্রার্থনা,
তরিতে পারি শকতি যেন রয়।

আমার ভার লঘেব করি
নাই বা দিলে সান্ত্বনা
বহিতে পারি এমনি যেন হয়।

নম্র শিরে সুখের দিনে
তোমারি মুখ লইব চিনে,
দুঃখের রাতে নিখিল ধরা
যেদিন করে বঞ্চনা
তোমারে যেন না করি সংশয়।

—রবীন্দ্রনাথ ঠাকুর

বাংলা দেশ

কোন্ দেশেতে তরুলতা—
সকল দেশের চাইতে শ্যামল ?
কোন্ দেশেতে চলতে গেলেই
দলতে হয়রে দূর্বা কোমল ?
কোথায় ফলে সোনার ফসল—
সোনার কমল ফোটে রে !
সে আমাদের বাংলা দেশ,
আমাদেরি বাংলা রে !

কোথায় ডাকে দোয়েল শ্যামা—
ফিঙে নাচে গাছে গাছে ?
কোথায় জলে মরাল চলে—
মরালী তার পাছে পাছে ?
বাবুই কোথায় বাসা বোনে—
চাতক বারি যাচে রে ?
সে আমাদের বাংলাদেশ,
আমাদেরি বাংলা রে !

কোন্ ভাষা মরমে পশি'—
আকুল করি তোলে প্রাণ ?
কোথায় গেলে শুনতে পাব
বাউল সুরে মধুর গান ?

চণ্ডীদাসের রামপ্রসাদের
কণ্ঠ কোথায় বাজে রে ?
সে আমাদের বাংলাদেশ
আমাদেরি বাংলা রে !
কোন দেশের দুর্দশায় মোরা
সবার অধিক পাইরে দুখ ?
কোন্ দেশের গৌরবের কথায়
বেড়ে ওঠে মোদের বুক ?
মোদের পিতৃ-পিতামহের
চরণধূলি কোথা রে ?
সে আমাদের বাংলাদেশ
আমাদেরি বাংলা রে !

—সত্যেন্দ্রনাথ দত্ত

ভারত তীর্থ

হে মোর চিত্ত, পুণ্যতীর্থে জাগো রে ধীরে
এই ভারতের মহামানবের সাগরতীরে।
হেথায় দাঁড়ায়ে দুবাহু বাড়ায়ে নমি নরদেবতারে,
উদার ছন্দে পরমানন্দে বন্দনা করি তাঁরে।
ধ্যানগম্ভীর এই-যে ভূধর, নদী-জপমালা-ধৃত-প্রান্তর
হেথায় নিত্য হেরো পবিত্র ধরিত্রীরে
এই ভারতের মহামানবের সাগরতীরে॥

কেহ নাহি জানে, কার আহ্বানে কত মানুষের ধারা
দুর্বার স্রোতে এল কোথা হতে, সমুদ্র হল হারা।
হেথায় আর্য, হেথা অনার্য, হেথায় দ্রাবিড় চীন —
শক-হূন-দল পাঠান মোগল এক দেহে হল লীন!
পশ্চিম আজি খুলিয়াছে দ্বার, সেথা হতে সবে আনে উপহার
দিবে আর নিবে, মিলাবে মিলিবে, যাবে না ফিরে—
এই ভারতের মহামানবের সাগরতীরে।

× × ×

এসো হে আর্য, এসো অনার্য, হিন্দু মুসলমান—
এসো এসো আজ তুমি ইংরাজ, এসো এসো খৃষ্টান।
এসো ব্রাহ্মণ, শুচি করি মন ধরো হাত সবাকার—
এসো হে পতিত করো অপনীত সব অপমানভার।
মার অভিষেকে এসো এসো ত্বরা, মঙ্গলঘট হয়নি যে ভরা
সবার-পরশে-পবিত্র-করা তীর্থনীরে—
আজি ভারতের মহামানবের সাগরতীরে॥

—রবীন্দ্রনাথ ঠাকুর

চল্, চল্, চল্,

[কোরস্]

চল্ চল্ চল্ !
উর্ধ্বে গগনে বাজে মাদল
নিম্নে উতলা ধরণীতল,
অরুণ প্রাতের তরুণ দল
চল্‌রে চল্‌রে চল্
চল্ চল্ চল্ ।
উষার দুয়ারে হানি' আঘাত
আমরা আনিব রাঙা প্রভাত,
আমরা টুটাব তিমির রাত
বাধার বিন্ধ্যাচল ।

নবজীবনের গাহিয়া গান
সজীব করিব মহাশ্মশান,
আমরা দানিব নতুন প্রাণ
বাহুতে নবীন বল !
চল্‌রে নও-জেয়ান
শোন্‌রে পাতিয়া কান—
মৃত্যু-তোরণ দুয়ারে দুয়ারে
জীবনের আহ্বান,
ভাঙরে ভাঙ আগল,
চল্‌রে চল্‌রে চল্
চল্ চল্, চল্, ।

—কাজী নজরুল ইসলাম

সকল দেশের সেরা

ধন ধান্যে পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা,
তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা।
ও যে স্বপ্ন দিয়ে তৈরি সে দেশ স্মৃতি দিয়ে ঘেরা।
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি।
সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি॥

চন্দ্র সূর্য গ্রহ তারা কোথায় এমন উজল ধারা,
কোথায় এমন খেলে তড়িৎ এমন কালো মেঘে।
সেথা পাখির ডাকে ঘুমিয়ে উঠি পাখির ডাকে জেগে।
এমন দেশটি কোথাও খুঁজে .... ॥

এমন স্নিগ্ধ নদী কাহার, কোথায় এমন ধূম্র পাহাড়।
কোথায় এমন হরিৎ ক্ষেত্র আকাশ তলে মেশে।
এমন ধানের উপর ঢেউ খেলে যায় বাতাস কাহার দেশে।
এমন দেশটি কোথাও খুঁজে ... ... ॥

পুষ্পে পুষ্পে ভরা শাখী, কুঞ্জে কুঞ্জে গাহে পাখি,
গুঞ্জরিয়া আসে অলি পুঞ্জে পুঞ্জে ধেয়ে,
তারা ফুলের উপর ঘুমিয়ে পড়ে ফুলের মধু খেয়ে।
এমন দেশটি কোথাও খুঁজে ... ... ॥

ভায়ের মায়ের এত স্নেহ কোথায় গেলে পাবে কেহ,
ওমা তোমার চরণ দু'টি বক্ষে আমার ধরি,
আমার এই দেশেতে জন্ম, যেন এই দেশেতেই মরি।
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি।
সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি॥

—দ্বিজেন্দ্রলাল রায়

LESSON 24

How to write letters in Bengali

(পত্র-লিখন পদ্ধতি)

Specimens of letters

Son's letter to his father.

৭৫, একডালিয়া রোড,
কলিকাতা—২৯

শ্রীচরণকমলেষু—

বাবা, অনেক দিন পর্যন্ত তোমাদের কোন সংবাদ না পাইয়া চিন্তিত আছি। পত্র পাওয়া মাত্র সকলের কুশল সংবাদ জানাইয়া নিশ্চিন্ত করিও। মা ও দাদাকে আমার প্রণাম দিও। আমি মন দিয়া পড়াশুনা করিতেছি। পূজার ছুটিতে এবার বাড়ী যাইতে পারিব না, কেননা, তাহাতে পড়াশুনার ক্ষতি হইবে। বাৎসারিক পরীক্ষার পর ডিসেম্বর মাসে অল্প কয়েক দিনের জন্য একবার যাইতে পারি। তোমাদের জন্য মন কেমন করে। মলিনা ও মিহিরকে আমার স্নেহ জানাইও। তুমি আমার ভক্তিপূর্ণ প্রণাম গ্রহণ করিও।

ইতি

প্রণত
দেবাশীষ

শ্রীশ্রীপিতৃদেবের শ্রীচরণকমলেষু
c/o শ্রীযুক্ত রামগোপাল বসু
পোঃ—বেলানগর
জেলা—হাওড়া,

A letter from an elder brother to a younger one,

যাদবপুর

১৩ই ফাল্গুন, ১৩৮৪

কল্যাণীয়েষু —

স্নেহের রাম,

তোমার ঠিক ঠিক সময়ে পেয়েছি। তুমি পরীক্ষায় দ্বিতীয় হয়েছ জেনে খুব খুশী হলাম। সামনের বছর যাতে প্রথম হতে পার সেই চেষ্টা করো। তোমার পরীক্ষার খবর শুনে মা ভারি আনন্দ পেয়েছেন। কাল তিনি মন্দিরে পূজো দিয়ে এসেছেন।

২।১ দিনের মধ্যেই তোমাকে ৫০/ টাকা পাঠাব। স্কুলের মাইনে দিয়ে দিও। আর যা দু-একখানা বই কিনতে বাকী আছে তা কিনে নিও।

মা ভাল আছেন। ছোটরা সবাই তোমার জন্য অস্থির। মিনু, পল্টু ও সোমা কেবলই তোমার কথা বলে। গরমের ছুটিতে এসো।

আশীর্বাদ নিও। হস্টেলের অন্যান্য বন্ধুদের সঙ্গে মিলে-মিশে সাবধানে থেকো। ইতি

তোমার দাদা।

শ্রীমান রামগোপাল বসু
স্কুল বোর্ডিং, যাদবপুর উচ্চ বিদ্যালয়
কলিকাতা

A letter to a Book-seller.

পোঃ+গ্রাম – নবগ্রাম
জেলা—হুগলী
২০-৭-৭৮

মহাশয়,

অনুগ্রহপূর্বক নিম্নলিখিত পুস্তকগুলি যথাসত্বর ভি. পি. ডাকযোগে নিম্ন ঠিকানায় পাঠইয়া বাধিত করিবেন। আপনাদের দেকানের একটি পুস্তকের তালিকাও এই সঙ্গে পাঠাইবেন। ইতি

ভবদীয়
শ্রীরমাপ্রসাদ চক্রবর্তী

পুস্তকের নাম

1. Learn Hindi in a month.
2. Learn Gujarati in a month.
3. Learn English in a month.
4. Learn Marathi in a month.
5. Learn Bengali in a month.
6. Learn Tamil in a month.
7. Learn Malayalam in a month.

Read Well Publications

Vocabulary

অংশ part
অংশীদার partner
অকপট sincere
অকর্মণ্য useless
অকলঙ্ক stainless
অকস্মাৎ suddenly
অকাতরে gladly
অক্লান্ত unworried
অক্ষত a letter of alphabet
অখণ্ড unbroken
অগণিত innumerable
অগাধ bottomless
অগ্নি fire
অঙ্ক sum
অঙ্গ limb, body
অঙ্গার charcoal

অচল not moving
অচিরে soon
অচেতন inanimate
অচৈতন্য unconscious
অজানা unknown
অজীর্ণ indigestion
অণু atom
অণুবীক্ষণ microscope
অণ্ড egg
অতঃপর henceforth
অতিথি guest
অতিরিক্ত too much
অতুলনীয় incomparable
অত্যাচার oppression
অত্যাবশ্যক very important
অত্যাশ্চর্য very surprising

অথবা or, otherwise
অদৃশ্য invisible
অদৃষ্ট unseen, fate
অদ্য, আজ today
অধীন dependent
অধীনতা dependent
অধুনা now a days
অধ্যাপক professor
অনন্ত endless
অনবরত incessant
অনশন fasting
অনাথ o:phan
অনুকুল favou able
অনুচর follower
অনুজ younger brother
অনুবাদ translation
অনুভব feeling
অনুরোধ request
অনুসন্ধান enquiry
অন্ধ blind
অন্ধকার darkness
অন্ন food, rice

অন্যায় injustice
অন্বেষণ search
অপদার্থ worthless
অপমান insult
অপব্যয় prodigality
অপব্যয়ী prodigal
অভদ্র uncivil
অভিধান dictionary
অভিনন্দন congratulation
অভিনয় acting
অভিশাপ curse
অমূল্য invaluable
অম্বল acid, sour
অর্থাৎ that is (i.e.)
অলঙ্কার ornament,rhetoric
অল্প a little
অবলম্বন support
অবসর opportunity
অবৈতনিক free, honorary
অশ্রু tear
অশ্লীল vulgar
অশ্ব horse

অসংখ্য countless
অসমর্থ unable
অসমাপ্ত incomplete
অসম্মান insult
অসহিষ্ণু impatient
অসহ্য unbearable
অসুবিধা disadvantage
অস্পৃশ্য untouchable
অস্ত্র weapon
অস্থি bone
অহঙ্কার pride
অহিংসা non-violence
আকর্ষণ attraction
আকস্মিক sudden
আকাশ sky
আগন্তুক stranger
আগামী coming
আগুন fire
আঘাত stroke
আঙ্গুর grape
আঙ্গুল finger
আচরণ conduct
আচার্য spiritual guide
আজ today
আতঙ্ক panic
আত্মহত্যা suicide
আত্মা self, soul
আত্মীয় relation
আদেশ command
আদৌ at all
আনন্দ cheerfulness
আনা to bring
আনারস pineapple
আফিং opium
আবশ্যক necessary
আবহাওয়া climate
আবিষ্কার discovery
আমোদ-প্রমোদ amusement
আরাম comfort
আরোগ্য recovery
আলস্য idleness
আলো light
আশা hope
আশীর্বাদ blessing

আশ্চর্য wonder
আশ্রম hermitage
আসন্ন impending
আসল real
আস্বাদ taste
আহ্লাদ gladness
আহ্বান call
ইচ্ছা desire
ইট brick
ইত্যাদি etc. (et cetra)
ইশারা hint
ঈর্ষা jealousy
ঈশ্বর God
উকিল pleader
উকুন louse
উচিত proper, just
উচ্চ high
উচ্চারণ pronunciation
উজ্জ্বল luminous
উত্তর reply
উৎসর্গ sacrifice
উদাহরণ example

উদ্দেশ্য aim
উন্মাদ mad
উপকার benefit
উপদেশ advice
উপন্যাস novel
উপর upon, on
উপবাস fasting
উপসংহার conclusion
উপাধি degree
উপায় means
উপার্জন earning
ঋন loan
ঋষি saint
এই this
এক one
এখন now
ঔষধ medicine
কথা speech
কথোপকথন dialogue
করুন pathetic
করুনা mercy
কর্ণ, কান ear

কলম pen graft
কলা art, plantain
কল্যাণ welfare
কষ্ট difficulty, trouble
কাচ glass
কাঁদা weep
কাগজ paper
কাটা to cut
কাঠ wood
কাপড় cloth
কামড় bite
কাল time
কালো black
কিছু a little
কুকুর dog
কুমার an unmarried boy
কুমারী an unmarried girl
কুমার potter
কুমীর crocodile
কৃতজ্ঞ grateful
কৃতঘ্ন ungrateful
কেন why

কেন্দ্র centre
কেরাণী clerk
কোণ corner
কোল lap
কৌমল skill
ক্রোধ, রাগ anger
ক্ষুধা hunger
ক্ষুধার্ত hungry
খরগোস hare
খাওয়া to eat
খরচ expense
খারাপ bad
খাল canal
খেলা play
খোজ search
গগন sky
গজ elepant, yard
গণনা counting
গদ্য prose
গন্ধ scent
গভীর deep
গরীব poor

গরু cow
গর্জন roaring
গর্ব pride
গলা neck, dissolved
গল্প story
গবেষণা research
গাছ tree
গাড়ী carriage
গাধা ass
গান song
গায়ক singer
গাল cheek
গালি rebuke
গুড় molasses
গুণ qualification, virtue
গুরু spiritual guide
গৃহ house
গোপন secret
গোবর cow-dung
গোয়ন্দা spy
গোল round
গোলমাল noise
গোলাপ rose
গ্রাম village
ঘটনা occurrence
ঘড়ি watch
ঘণ্টা bell, hour
ঘন thick
ঘর house
ঘা ulcer, hit
ঘানি oilpressing instrument
ঘাস grass
ঘি ghee, clarified butter
ঘুম sleep
ঘৃণা hatred
ঘোড়া horse
চন্দ্র, চাঁদ moon
চর্বি tallow
চা tea
চাউল rice
চাকর servant
চাকরি service
চামড়া skin

চারা plant
চালাক clever
চিকিৎসা treatment
চিঠি letter
চিত্র picture
চিনি sugar
চিরুণী comb
চিহ্ন sign, symbol
চুম্বন kiss
চুরি theft
চুরি করা to steal
চুল hair
চোখ, চক্ষু eye
ছাদ roof
ছাগল goat
ছাতা umbrella
ছুতার carpenter
ছেলে boy, son
ছোট small
জঙ্গল jungle
জনরব rumour
জন্ম birth
জয় victory
জল water
জাতি nation
জানা to know
জাহাজ steamer, ship
জিজ্ঞাসা enquiry, asking
জিনিস thing, goods
জিহ্বা tongue
জীবন life
জীবিত living, alive
জীবিকা livelihood
জুতা shoe
জ্ঞান knowledge
ঝগড়া quarrel
ঝড় storm
ঝাল pungent
টক sour
টাক baldness
টাকা money, rupee
টাট্‌কা fresh
টানা to pull
টুপি hat, cap

ঠক্ cheat, sharper
ঠাণ্ডা cool, cold
ঠিকানা address
ঠেলা to push
ডাকা to call
ডিম egg
ডুবা to sink
ঢাকা to cover
ঢাল shield
ঢালা to pour
তখন then
তথাপি yet
তদন্ত investigation
তরল liquid
তরুণ young
তাঁত loom
তাঁতী weaver
তালা lock
তুলা cotton
তেল oil
থাকা to stay
থামা to stop
থালা dish
দড়ি rope
দণ্ড punishment, rod
দধি, দই curd
দন্ত, দাঁত tooth
দয়া, কৃপা compassion
দল party, band
দাঁড়ান to stand
দান gift
দাম price, value
দিক direction
দিন day
দীপ lamp
দুধ milk
দুর্বল weak
দেখা to see
দেহ body
দোকান shop
দোষ fault
দৌড়ান to run
ধন wealth
ধরা to catch

ধর্ম religion
ধুলা dust
ধৈর্য patience
ধোপা washerman
নকল copy
নখ nail
নগর city
নদী river
নাচা to dance
নাড়া to move to shake
নাড়ী pulse
নামা name
নামা to descend
নারী woman
নিদ্রা sleep
নিন্দা censure
নিপুণ skilful
নিয়ম rule
নিষেধ prohibition
নিষিদ্ধ forbidden
নীচ low, mean
নীল blue, indigo

নৌকা boat
পক্ষী bird
পচা rotten
পড়া to read, to fall
পতাকা flag
পতি master, husband
পত্র leaf, letter
পথ path, way
পদ foot
পরিশ্রম labour
পরিষ্কার clear, clean
পরীক্ষা examination
পর্বত mountain
পবিত্র pure
পশম wool
পশু beast
পাওয়া to get
পাকা ripe
পাখা wing, fan
পাখী bird
পাগল mad
পাঠ lesson

পাতা leaf
পাপ sin
পাহাড় hill
পিঠ back
পিতা father
পিপাসা thirst
পুকুর pond
পুণ্য holy
পুতুল doll
পুরাতন old
পুরুষ man, male
পুস্তক book
পূজা worship
পূর্ণ complete, entire, full
পূর্ব previous
পৃথক separate
পেট belly
পেশা trade, profession
পোড়া to burn
প্রকৃতি nature
প্রতিজ্ঞা promise
প্রদেশ province

ফল fruit
ফুল flower
বড় big, great
বন forest
বনিয়াদ base
বন্ধু friend
বয়স age
বরাবর all along
বল strength
বলা to stay
বসা to sit down
বাঁধা to bind
বাগান garden
বাবা papa, father
বায়ু, বাতাস air
বালক boy
বালি sand
বালিকা girl
বিকাশ development
বিজ্ঞান science
বিড়াল cat
বিদেশ foreign land

বিনীত obedient
বিবাহ marriage
বিশ্রাম rest
বিষ poison
বীজ seed
বৃক্ষ, গাছ tree
ভগিনী sister
ভদ্র gentle
ভয় fear
ভাল good
ভালবাসা love
ভাষা language
ভাসা to float
ভিক্ষা alms
ভিজা wet
ভিতর inside
ভূল error, mistake
ভূমি land
ভেড়া sheep
ভোলা to forget
মত opinion
মদ wine

মধু honey
মন mind
মন্ত্রী minister
মন্দ bad
মন্দির temple
ময়দান meadow
ময়লা dirt
মরা to die
মশা mosquito
মস্তিক brain
মহান great
মহাশয় sir
মহিষ buffallo
মাংস flesh
মাছ fish
মাছি fly
মাটি earth
মাঠ field
মা, মাতা mother
মাত্র only
মাথা head
মানসিক mental

মাপ measurement
মাফ excuse
মালা garland
মাস month
মিথ্যা lie, false
মিষ্ট, মিঠা sweet
মুখ mouth
মুখমণ্ডল face
মুচি cobbler
মুদি grocer
মুরগী hen
মুহূর্ত moment
মূর্খ fool
যখন root
যজ্ঞ sacrifice
যত্ন care, comfort
যদি if
যন্ত্র machine
যাওয়া to go
যুদ্ধ war
যুবক young
যৌন sexual

যৌবন youth
রক্ত blood
রক্ষা protection
রং colour
রন্ধন cooking
রপ্তানী export
রমণী woman
রমণীয় pleasant
রশ্মি ray
রাঁধা to cook
রাখা to keep
রাজা king
রাজনীতি politics
রাজ্য state
রাত, রাত্রি night
রুটি bread
রেখা line
রেলগাড়ী train
রোগ disease
রোজ daily
রোদ sunlight
লওয়া to take

লক্ষ্য aim
লজ্জা shame
লতা creeper
লবণ salt
লম্বা long, tall
লাঙ্গল plough
লাঠি stick
লাথি kick
লাফ jump
লাভ gain, profit
লিখা to write
লিখিত written
লুকান to hide
লেখক writer
লেজ tail
লেবু lemon
লোহা iron
শক্ত hard
শক্তি strength
শত্রু enemy
শব্দ sound, word
শয়ন lying
শরীর body
শস্য grain
শাক-সজি vegetable
শান্তি peace
শাপ curse
শাসন rule
শিকড় root
শিকল chain
শিকার hunting
শিকারী hunter
শিল্প arts and crafts
শিশু child
শিষ্য disciple
শীত cold
শীতকাল winter
শুকান to dry
শুদ্ধ pure
শুনা to hear
শুভ auspicious
শূকর boar
শূন্য empty, zero
শৃঙ্খল jackal

শেষ end, last
শোঁকা to smell
শোক lamentation, grief
শ্বশুর father-in-law
শাশুড়ী mother-in-law
ষষ্ঠ sixth
সংক্রামক infectious
সংখ্যা number
সংগ্রহ collection
সংজ্ঞা definition, sense
সংবাদ news
সংযম restraint
সকল all
সংকল্প vow, determination
সতের seventeen
সত্তর sevety
সত্য truth
সদস্য member
সন্দেহ suspicious
সন্ধ্যা evening
সভা meeting
সভ্য civilized, member

সমগ্র entire
সময় time
সমস্যা problem
সমান equal
সমাপ্ত finished, complete
সমালোচনা criticism,review
সমুদ্র ocean
সম্পত্তি property
সম্পাদক editor, secretary
সম্প্রদায় sect, community
সম্বন্ধ relation
সম্মান honour
সর্বদা always
সরল straight, sincere
সহজ easy
সহসা suddenly
সহস্র thousand
সাক্ষী witness
সাগর ocean
সাত seven
সাধারণ common, ordinary
সাপ snake

সাবধান careful
সাময়িক temporary
সামরিক military
সামাজিক social
সাল year
সাহস courage
সাহসী brave
সাহায্য help
সাহিত্য literature
সিংহ lion
সুখ happiness
সুন্দর beautiful
সূচ needle
সূতা thread
সূর্য sun
সৃষ্টি creation
সেবক servant, worker
সেবা service
সেলাই sewing
সৈন্য soldier

সোনা gold
স্তন nipple, breast
স্ত্রী woman, wife
স্থান place
হওয়া to be
হজম digestion
হঠাৎ suddenly
হরিণ deer
হাওয়া air
হাঁটা to walk
হাজার thousand
হাড় bone
হাত hand
হাতী elephant
হাল plough
হাসি laugh
হিংসা violence, malice
হিত welfare
হৃদয় heart
হ্রদ lake

READWELL'S

LEARN BENGALI

IN A MONTH

Bengal gave literary giants like Rabindranath Tagore, Sarat Chandra, Bankim Chandra Chatterjee. Tagore's Geetanjali which won Nobel Prize for him, is acclaimed as the best expression of the writer's mystical philosophy. Inspiring song of Bankim Chandra is our national song and the subtle analysis of human mind in Sarat Chandra's novels touches the highest hallmark of literary creation. Would any one like to remain ignorant of such literary works ?.

We study these literary works through translation but forget Tagore's immortal comment "Learning through translation is like wooing a lady through an attorney". We can capture the beauty, the subtlety and the majesty of the Bengali literature only through Bengali language. Readwell's "Learn Bengali" will open the windows on this beautiful literary landscape surely in one month.

Price: Rs. 40/-

ISBN 81-87782-03-X

9 788187 782

KO-911-932

Readwell Publications

B-8, Rattan Jyoti, 18, Rajendra Place
New Delhi- 110008 (India)